

প্রচ্ছদ জাতীয় সারাদেশ রাজনীতি পটুয়াখালী ▾ সম্পাদকীয় বিনোদন তথ্য ও প্রযুক্তি

খেলাধুলা ধর্ম স্বাস্থ্য ভিডিও গ্যালারি

Home > সারাদেশ

বিচারহীনতার সংস্কৃতি থেকে মুক্ত না হলে টেকসই উন্নয়ন অসম্ভব: সিআইপিজি

গণদাবী ডেস্ক



BY গণদাবী রিপোর্ট — August 29, 2026 in সারাদেশ

0

0
SHARES7
VIEWS

Share on Facebook



Share on Twitter



in



Telegram



Pinterest



Email

সিআইপিজি আয়োজিত এক গোলটেবিল বৈঠকে বক্তারা বলেছেন, আইন-শৃঙ্খলার অবনতি, বিচারে দীর্ঘসূত্রিতা ও বিচারহীনতার সংস্কৃতি থেকে মুক্ত হতে না পারলে দেশে টেকসই উন্নয়ন সম্ভব নয়।

বৈঠকে বক্তারা বিচারব্যবস্থার নানা সমস্যা নিয়ে কথা বলেন। তারা উল্লেখ করেন, মাত্র দুটি আপিল বেঞ্চ থাকায় বর্তমানে উচ্চ ও নিম্ন আদালতে প্রায় ৪৭ লাখ মামলা নিষ্পত্তির অপেক্ষায় রয়েছে, যা বিচারপ্রার্থীদের চরম ভোগান্তিতে ফেলছে।

আরো পড়ুন

গ্যাসের ওষুধ ভেবে হুঁদুর মারার ট্যাবলেট খেয়ে মৃত্যু, লাশবাহী অ্যান্ডুলেন্স খালে

নতুন দুই মামলায় আবারও গ্রেফতার সাবেক চিফ হুইপ আ স ম ফিরোজ

ইঞ্জিনিয়ার ব্রিগেডিয়ার জেনারেল (অব.) এবিএম গোলাম মুস্তফা বলেন, দেশের বর্তমান পরিস্থিতিতে শুধু রাত নয়, দিনের আলোতেও মানুষ নিজেদের নিরাপদ ভাবতে পারছে না। মেজর সিনহা ও রামিসা হত্যার প্রসঙ্গ টেনে তিনি বলেন, বিচারহীনতার সংস্কৃতি ও সুশাসনের অভাবেই দেশে ‘মব ভায়োলেন্স’ বা ‘মব জাস্টিস’ আশঙ্কাজনকভাবে বেড়েছে।

তিনি উল্লেখ করেন, দেশে প্রায় ১ কোটি বেকারের মধ্যে ৪১ থেকে ৪৫ লাখই শিক্ষিত তরুণ-তরুণী। কেউ অপরাধী হয়ে জন্মায় না; সমাজ ও রাষ্ট্রই তাকে অপরাধী বানিয়ে তোলে। নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম বৃদ্ধি এবং গ্যাস ও বিদ্যুতের অনিয়ন্ত্রিত মূল্যবৃদ্ধি মানুষকে অপরাধে লিপ্ত হতে বাধ্য করছে।

ফেলানি হত্যাকাণ্ডের প্রসঙ্গ টেনে তিনি বলেন, সীমান্ত নিরাপত্তা শিথিল থাকা ও মাদকাসক্তি বৃদ্ধি পাওয়ায় অপরাধ চরম রূপ নিচ্ছে। দেশের আইন-শৃঙ্খলা ব্যবস্থাকে রাজনৈতিক প্রভাবমুক্ত করে সরকার ও জনগণকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানিয়ে তিনি বলেন, মানুষ একবেলা না খেয়ে থাকলেও একটি নিরাপদ জীবন প্রত্যাশা করে।

সাবেক অতিরিক্ত সচিব মো. আবদুল কাইয়ুম ১৯৭১-পরবর্তী বাংলাদেশের বিভিন্ন শাসনামলের আইন-শৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা করেন। তিনি বলেন, ১৯৭২-৭৫ সালে দেশের আইন-শৃঙ্খলার চরম অবনতি ঘটেছিল, যা পরবর্তীতে ১৯৭৯-৮০ সালে জিয়াউর রহমানের আমলে পোশাকশিল্প ও বিদেশে শ্রমবাজার উন্মুক্তকরণের মাধ্যমে আমূল পরিবর্তন ও স্থিতিশীলতা লাভ করে।

পরবর্তীতে এরশাদ আমল, তিন জোটের রূপরেখা এবং গণতান্ত্রিক সরকারগুলোর সময়ে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে জনসেবার চেয়ে কেবল সরকারের ইচ্ছাপূরণের হাতিয়ার হিসেবে ব্যবহারের সংস্কৃতি গড়ে উঠেছে, যা অন্তর্বর্তীকালীন সরকার আমলেও একটি বড় চ্যালেঞ্জ হিসেবে রয়ে গেছে।

সাবেক সচিব মো. হুমায়ুন কবীর সংক্ষেপে বলেন, কোনো কাঠামোগত আইন পরিবর্তন করার আগে রাষ্ট্র ও সমাজে সর্বাত্মক ‘সৎ ও নৈতিক মানুষ’ তৈরি করতে হবে। অন্যথায় কোনো আইনই কার্যকর সুফল দেবে না।

পরিশেষে, সিআইপিজির নির্বাহী পরিচালক ও সাবেক অতিরিক্ত সচিব ড. খুরশীদ আলম উপস্থিত সব অতিথি, আলোচক ও গণমাধ্যমকর্মীদের ধন্যবাদ জানিয়ে সেমিনারের সমাপ্তি ঘোষণা করেন।

আরও পড়ুন



গ্যাসের ওষুধ ভেবে ইঁদুর মারার
ট্যাবলেট খেয়ে মৃত্যু, লাশবাহী
অ্যাম্বুলেন্স খালে

September 14, 2026 6



নতুন দুই মামলায় আবারও গ্রেফতার
সাবেক চিফ হুইপ আ স ম ফিরোজ

September 9, 2026 8



আগুনে ক্ষতিগ্রস্ত রূপপুর
পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের সার্ভার,
ব্যাহত অভ্যন্তরীণ ইন্টারনেট

September 9, 2026 4



মহাসড়কে স্লিপার বাস চলাচলে
হাইকোর্টের নিষেধাজ্ঞা

September 9, 2026 5



ফসল উৎপাদনে জৈব-কীটনাশকের
বর্তমান অবস্থা নিয়ে বাপার
আলোচনা সভা

September 8, 2026 6



ইতালিতে বাঁধনের ওপর হামলা,
নিন্দা জানালেন আসিফ মাহমুদ ও
সারজিস

September 8, 2026 5

Leave a Reply

Your email address will not be published. Required fields are marked *

Comment *